বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার নং- ৬/২০২০

২৫ কার্তিক ১৪২৭ বাং
তারিখঃ -----------------------
১০ নভেম্বর ২০২০ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল প্রাইমারি ডিলার।

প্রিয় মহোদয়,

**<u>সরকারি সিকিউরিটিজের বেঞ্চমার্ক নির্ধারণ এবং Two-Way Price Quote প্রসঙ্গে।</u>**

সরকারি সিকিউরিটিজের বাজার উন্নয়ন ও বাজারভিত্তিক কার্যকরী yield curve তৈরির লক্ষ্যে বিদ্যমান বিভিন্ন মেয়াদি ট্রেজারি বন্ডসমূহের মধ্য হতে বেঞ্চমার্ক ট্রেজারি বন্ড নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে, বিদ্যমান ট্রেজারি বন্ডসমূহের অবশিষ্ট মেয়াদের ভিত্তিতে ৬ (ছয়) টি শ্রেণিতে বিন্যাসপূর্বক প্রতিটি শ্রেণি হতে ০৫ টি করে সর্বমোট ৩০ টি বন্ড বেঞ্চমার্ক হিসেবে নির্বাচন করা হয়েছে (Annexure 'A'-তে বর্ণিত)।

এক্ষণে, বেঞ্চমার্ক সিকিউরিটিজসমূহের লেনদেন বৃদ্ধির মাধ্যমে সেকেন্ডারি বাজার ভিত্তিক yield নিরুপণের লক্ষ্যে সকল প্রাইমারি ডিলারদেরকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) নির্বাচিত বেঞ্চমার্ক সিকিউরিটিজসমূহের প্রতিটি শ্রেণি হতে ন্যূনতম একটি ট্রেজারি বন্ডের বিপরীতে মার্কেট ইনফ্রাস্ট্রাকচার (এমআই) মডিউলের TWS (অর্ডার-ম্যাচিং প্লাটফর্ম)-এ প্রতি কার্যদিবসে two-way price quote (firm quote) করতে হবে;

খ) প্রাইমারি ডিলারগণের মধ্যে যাদের underwriting obligation (ত্রৈমাসিক ভিত্তিতে প্রদত্ত) ৩% পর্যন্ত তাদেরকে প্রতি কার্যদিবসে প্রতিটি শ্রেণি হতে ন্যূনতম দুই কোটি (bid ০১ কোটি এবং ask/offer ০১ কোটি) টাকা করে ০৬ টি শ্রেণিতে ন্যূনতম সর্বমোট ১২ (বারো) কোটি টাকার এবং যাদের underwriting obligation ৩% এর অধিক তাদেরকে প্রতিটি শ্রেণি হতে ন্যূনতম চার কোটি (bid ০২ কোটি এবং ask/offer ০২ কোটি) টাকা করে ০৬ টি শ্রেণিতে ন্যূনতম সর্বমোট ২৪ (চব্বিশ) কোটি টাকার bid-ask price quote করতে হবে;

গ) Two-way price quote দাখিলের ক্ষেত্রে ০ হতে ২ বছর, ২ বছরের উর্ধ্ব হতে ৫ বছর, ৫ বছরের উর্ধ্ব হতে ৮ বছর, ৮ বছরের উর্ধ্ব হতে ১০ বছর, ১০ বছরের উর্ধ্ব হতে ১৫ বছর এবং ১৫ বছরের উর্ধ্ব হতে ২০ বছর অবশিষ্ট মেয়াদী ট্রেজারি বন্ডের বিপরীতে সর্বোচ্চ bid-ask spread হবে যথাক্রমে ০২ (দুই) টাকা, ০৪ (চার) টাকা, ০৫ (পাঁচ) টাকা, ০৬ (ছয়) টাকা, ০৮ (আট) টাকা এবং ১০ (দশ) টাকা;

ঘ) যদি কোন প্রাইমারি ডিলার ব্যাংকের হোল্ডিংয়ে বেঞ্চমার্ক হিসেবে নির্বাচিত ট্রেজারি বন্ডসমূহের মধ্যে কোন শ্রেণিতে লেনদেনযোগ্য বন্ড বিদ্যমান না থাকে তবে তা নিজস্ব পোর্টফোলিও পুনর্বিন্যাসকরত কিংবা বাজার হতে ক্রয়পূর্বক সকল শ্রেণির সিকিউরিটিজের two-way price quote (firm quote) এর বিষয়টি সার্কুলারের তারিখ হতে পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে নিশ্চিত করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক

(রূপ রতন পাইন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং: ০৮/২০২৩

তারিখঃ ১৬ কার্তিক ১৪৩০ / ০১ নভেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল প্রাইমারি ডিলার।

**<u>সরকারি সিকিউরিটিজের বেঞ্চমার্ক নির্ধারণ এবং Two-Way Price Quote প্রসঙ্গে।</u>**

প্রিয় মহোদয়,

শীর্ষক বিষয়ে ১০ নভেম্বর ২০২০ তারিখের ডিএমডি সার্কুলার নং- ৬/২০২০ এবং ১৭ জানুয়ারি ২০২৩ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং- ০১/২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার এবং সার্কুলার লেটারের মাধ্যমে সরকারি সিকিউরিটিজের বাজার উন্নয়ন ও বাজারভিত্তিক কার্যকরী yield curve তৈরির লক্ষ্যে বিভিন্ন মেয়াদি ট্রেজারি বন্ডসমূহের অবশিষ্ট মেয়াদ (remaining maturity) এর ভিত্তিতে ৬টি শ্রেণিতে বিন্যাসপূর্বক প্রতিটি শ্রেণি হতে ০৫টি করে সর্বমোট ৩০টি ট্রেজারি বন্ডকে বেঞ্চমার্ক হিসেবে নির্বাচন করা হয়েছিল।

০৩। এক্ষণে, বর্তমানে বাজারে বিদ্যমান ট্রেজারি বন্ডসমূহ হতে Annexure-'E'তে বর্ণিত ৩০টি বন্ডকে বেঞ্চমার্ক সিকিউরিটিজ হিসেবে পুনঃনির্ধারণ করা হলো।

০৪। এতদ্‌সংক্রান্ত ডিএমডি সার্কুলার নং- ৬/২০২০ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে এবং ১৭ জানুয়ারি ২০২৩ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং- ০১/২০২৩ বাতিল বলে গণ্য হবে।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ আনোয়ার হোসেন)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ৯৫৩০৬১৭
ই-মেইলঃ anwar.hossan@bb.org.bd

**Annexure-E**

**List of Benchmarked Securities**

| Sl. No. | ISIN | Original Maturity (Years) | Issue Date | Maturity Date | Coupon Rate | Outstanding (in Crore) | Tenor (Remaining Maturity) |
|---|---|---|---|---|---|---|---|
| **Class-1 (Tenor: 0 to 2 Years)** | BD0924371059 | 5 | 12-Jun-19 | 12-Jun-24 | 8.10% | 4,300.00 | 0.61 |
| | BD0924211057 | 5 | 11-Dec-19 | 11-Dec-24 | 8.97% | 4,500.00 | 1.11 |
| | BD0925251052 | 5 | 15-Jan-20 | 15-Jan-25 | 8.86% | 4,000.00 | 1.21 |
| | BD0925371058 | 5 | 29-Apr-20 | 29-Apr-25 | 8.12% | 4,500.00 | 1.49 |
| | BD0925011027 | 2 | 5-Jul-23 | 5-Jul-25 | 8.90% | 6,000.00 | 1.68 |
| **Class-2 (Tenor: Above 2 to 5 Years)** | BD0927841058 | 5 | 18-May-22 | 18-May-27 | 7.70% | 4,499.60 | 3.55 |
| | BD0928261058 | 5 | 11-Jan-23 | 11-Jan-28 | 8.29% | 5,200.00 | 4.20 |
| | BD0928381054 | 5 | 12-Apr-23 | 12-Apr-28 | 8.26% | 6,000.00 | 4.45 |
| | BD0928461054 | 5 | 14-Jun-23 | 14-Jun-28 | 8.75% | 6,000.00 | 4.62 |
| | BD0928061052 | 5 | 9-Aug-23 | 9-Aug-28 | 9.00% | 3,500.00 | 4.77 |
| **Class-3 (Tenor: Above 5 to 8 Years)** | BD0929061101 | 10 | 21-Aug-19 | 21-Aug-29 | 9.27% | 4,000.00 | 5.81 |
| | BD0929221101 | 10 | 18-Dec-19 | 18-Dec-29 | 9.23% | 4,000.00 | 6.13 |
| | BD0930261104 | 10 | 22-Jan-20 | 22-Jan-30 | 9.15% | 4,000.00 | 6.23 |
| | BD0930381100 | 10 | 7-May-20 | 7-May-30 | 8.74% | 4,500.00 | 6.52 |
| | BD0930431103 | 10 | 17-Jun-20 | 17-Jun-30 | 8.66% | 4,500.00 | 6.63 |
| **Class-4 (Tenor: Above 8 to 10 Years)** | BD0932891106 | 10 | 22-Jun-22 | 22-Jun-32 | 8.10% | 4,500.00 | 8.64 |
| | BD0932111109 | 10 | 21-Sep-22 | 21-Sep-32 | 8.10% | 4,000.00 | 8.89 |
| | BD0932231105 | 10 | 21-Dec-22 | 21-Dec-32 | 8.33% | 5,500.00 | 9.14 |
| | BD0933351100 | 10 | 15-Mar-23 | 15-Mar-33 | 8.45% | 6,000.00 | 9.37 |
| | BD0933071104 | 10 | 16-Aug-23 | 16-Aug-33 | 9.20% | 3,147.55 | 9.79 |
| **Class-5 (Tenor: Above 10 to 15 Years)** | BD0935391153 | 15 | 13-May-20 | 13-May-35 | 8.90% | 5,227.32 | 11.53 |
| | BD0935441156 | 15 | 24-Jun-20 | 24-Jun-35 | 8.70% | 4,713.11 | 11.65 |
| | BD0935201204 | 20 | 25-Nov-15 | 25-Nov-35 | 8.70% | 3,950.00 | 12.07 |
| | BD0937821157 | 15 | 27-Apr-22 | 27-Apr-37 | 7.98% | 4,228.00 | 13.49 |
| | BD0937901157 | 15 | 29-Jun-22 | 29-Jun-37 | 8.55% | 4,416.47 | 13.66 |
| **Class-6 (Tenor: Above 15 to 20 Years)** | BD0940401203 | 20 | 20-May-20 | 20-May-40 | 9.20% | 4,500.00 | 16.55 |
| | BD0940441209 | 20 | 24-Jun-20 | 24-Jun-40 | 8.94% | 4,500.00 | 16.65 |
| | BD0942901200 | 20 | 29-Jun-22 | 29-Jun-42 | 8.65% | 5,161.28 | 18.66 |
| | BD0942241201 | 20 | 28-Dec-22 | 28-Dec-42 | 8.95% | 741.50 | 19.16 |
| | BD0943281206 | 20 | 25-Jan-23 | 25-Jan-43 | 8.89% | 850.00 | 19.24 |